

গড়বেতা কলেজে জাতীয় তামাক বিরোধী দিবস উদযাপন

পত্রিকা প্রতিনিধি : পশ্চিম মেদিনীপুর জেলা স্বাস্থ্যভবন ও গড়বেতা ব্লক গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের যৌথ উদ্যোগে গত ৩১ মে ও ২ জুন তামাক বিরোধী দিবস পালিত হল গড়বেতা কলেজে। সরকারি নির্দেশিকা মেনে গড়বেতা কলেজের স্বাস্থ্য উপসমিতির উদ্যোগে মঙ্গলবার দুই বিভাগে প্রতিযোগিতা (পোস্টার উপস্থাপন ও প্রবন্ধ রচনা) অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার কলেজের সেমিনার হলে উক্ত বিষয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এই আলোচনা সভার আনুষ্ঠানিক উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ড: হরিপ্রসাদ সরকার। তিনি তামাক বিরোধী দিবসের গুরুত্ব ও

তাৎপর্য ব্যাখ্যা করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গড়বেতা গ্রামীণ হাসপাতালের ব্লক স্বাস্থ্য আধিকারিক ডা. সঞ্জিতা কর্মকার, দত্ত চিকিৎসক ডা. শ্যামল কুমার সিং, জেলা স্বাস্থ্য পরামর্শদাতা স্বতীলেখা মামা, সমাজ কর্মী সুমিত মুখার্জী, ড: নরেন্দ্রনাথ দে প্রমুখ। এছাড়াও গড়বেতা কলেজের টিচার্স কাউন্সিলের সেক্রেটারি ড: সাজেদ বিখাস সহ অন্যান্য অধ্যাপক, অধ্যাপিকা, শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রীরা উপস্থিত থেকে এই অনুষ্ঠান সাফল্যমণ্ডিত করেন। তামাক সেবনের বিভিন্ন ক্ষতিকারক দিকগুলি সম্পর্কে এই আলোচনায় ব্যাখ্যা করা হয়। মঙ্গলবার অনুষ্ঠিত প্রতিযোগিতা দুটির পুরস্কারও

বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয়। পোস্টার প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান দখল করেন যথাক্রমে অঙ্কিতা রায়, অমৃতা ঘোষ ও পুণামি ঘোষ। প্রবন্ধ প্রতিযোগিতায় পুরস্কার প্রাপকরা হলেন গঙ্গা কর্মকার (প্রথম), ইন্দ্রানী চ্যাটার্জী (দ্বিতীয়) এবং সুপ্রিয় রঞ্জন ঘোষ (তৃতীয়)। অনুষ্ঠানের শেষ পর্বে আলোচনা থেকে বৃহস্পতিবার একটি কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় ছাত্রছাত্রীদের মধ্যে উল্লেখযোগ্য অংশগ্রহণ লক্ষ্য করা যায়। নির্ভুল উত্তরদাতাকে একটি করে কলম উপহার স্বরূপ দেওয়া হয়। সম্পূর্ণ অনুষ্ঠানটি অত্যন্ত সফল হয়েছে বলে অধ্যক্ষ ড: হরিপ্রসাদ সরকার

জানান। তামাক বর্জনের একটি শপথ গ্রহণের মাধ্যমে প্রতিযোগিতার পরিসমাপ্তি ঘটে।

মেসার্স


বিজয় কৃষ্ণ

নিয়ন্ত্রিত

এই বোজনার
এবং প্রতিষ্ঠান ১ ম
১০০০.

বড়বা

পরিচালনাঃ - শ্রী বিরল কান্তি



তামাক বর্জন

▶▶ **গড়বেতা:** তামাক বর্জন দিবস

পালন করা হল গড়বেতা কলেজে। স্বাস্থ্য দফতরের উদ্যোগ মঙ্গলবার ও বৃহস্পতিবার তামাক সেবনের ক্ষতিকারক দিকগুলি তুলে ধরা হয়। মঙ্গলবার ছাত্রছাত্রীদের নিয়ে পোস্টার ও প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়। বৃহস্পতিবার মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। তামাক সেবনের ক্ষতিকারক দিক নিয়ে আলোচনা করেন বিএমওএইচ সঞ্চিতা কর্মকার সহ চিকিৎসক, স্বাস্থ্য পরামর্শদাতারা। ছিল কুইজ। সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়।